# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৮

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ আরবরা তাদের ভাষায় কোন জিনিসের নিকটবর্তী হওয়ার কারণে তার নাম এর সাথে সম্পৃক্ত করে দেয় আবার কোন জিনিসের কামালিয়াত থেকে কমতি থাকার কারণে তার ক্ষেত্রে ঐ নাম ব্যবহার করাকে নাকচ করে- এই ব্যাপারে বিবরণ

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْعَرَبَ فِي لُغَتِهَا تُضِيفُ الِاسْمَ إِلَى الشَّيْءِ لِلْقُرْبِ مِنَ التَّمَامِ وَتَنْفِي الِاسْمَ عَنِ الشَّيْءِ لِلنَّقْصِ عَنِ الْكَمَالِ

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ صَالِحِ بْنِ كَيْسَانَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ عَنْ زَيْدِ بْنِ خَالِدٍ الْجُهَنِيِّ أَنَّهُ قَالَ صَلَّى لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الصُّبْحِ بِالْحُدَيْبِيَةِ فِي إِثْرِ سَمَاءٍ كَانَتْ مِنَ اللَّيْلِ فَلَمَّا انْصَرَفَ أَقْبَلَ عَلَى النَّاسِ فَقَالَ: "هَلْ تَدْرُونَ مَاذَا قَالَ رَبُّكُمْ؟ " قَالُوا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ: "أَصْبَحَ مِنْ عِبَادِي مُؤْمِنٌ بِي وَكَافِرٌ فَأَمَّا مَنْ قَالَ مُطِرْنَا بِفَضْلِ اللَّهِ وبرحمته فذلك مؤمن بِي كَافِرٌ بِالْكَوْكَبِ وَأَمَّا مَنْ قَالَ مُطِرْنَا بِنَوْءِ كَذَا وَكَذَا فَذَلِكَ كَافِرٌ بِي مُؤْمِنٌ بالكواكب.

الراوي : زَيْد بْن خَالِدٍ الْجُهَنِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 188 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৮৮. যাইদ বিন খালিদ আল জুহানী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: ’রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নিয়ে হুদাইবিয়ায় ফজরের সালাত আদায় করেন। এর আগে রাতে বৃষ্টি হয়েছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাম ফিরালেন, তখন তিনি মানুষদের মুখোমুখি হয়ে বললেন: ’তোমরা কি জানো তোমাদের প্রতিপালক কী বলেছেন?’ সাহাবাগণ বললেন: ’আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামই ভাল জানেন।’ তিনি বলেন, তোমাদের প্রতিপালক বলেছেন: ’আজকে আমার বান্দাদের কতেক আমার

প্রতি বিশ্বাসী আর কতেক অবিশ্বাসী হয়ে সকাল করেছে। যারা বলেছে যে, 'আল্লাহর দয়া ও অনুগ্রহের বদৌলতে আমাদের বৃষ্টি দেওয়া হয়েছে, তারা আমার প্রতি বিশ্বাসী ও গ্রহ-নক্ষত্রের (প্রভাবের) প্রতি অবিশ্বাসী। আর যারা বলেছে যে, 'আমাদেরকে ওমুক, ওমুক নক্ষত্রের কারণে বৃষ্টি দেওয়া হয়েছে, তারা আমার প্রতি অবিশ্বাসী ও গ্রহ-নক্ষত্রের (প্রভাবের) প্রতি বিশ্বাসী।'[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৯২; মুসনাদ আহমাদ: ৪/১১৭; সহীহ আল বুখারী: ৮৪৬; আবু দাউদ: ৩৯০৬; শারহুস সুন্নাহ: ১১৬৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২১০০৩; নাসাঈ: ৩/১৬৫; তাবারানী: ৫২১৩-৫২১৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল ইরওয়াউল গালীল: ৩/৬৮১/১৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ যায়েদ ইবনু খালিদ আল-জুহানী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88399

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন